

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকুবি চত্বর, ময়মনসিংহ।

স্মারক নং-১২.২৪.০০০০.৩০২.০৩.০০৫.১৭.৩৪৬

তারিখঃ ০৯-১২-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর, ২০১৮ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৮-১১-২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির (অক্টোবর, ২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা প্রতিষ্ঠানের সভাকক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

Mamun
০৯/১২/১৮

(মোঃ শাহ আবদুল্লাহ আল মামুন)

এসও

পরিকল্পনা ও উন্নয়ন শাখা

বিতরণঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। সিএসও (আরসি), বিনা, ময়মনসিংহ।
- ২। সকল সিএসও, বিনা, ময়মনসিংহ।
- ৩। প্রকল্প পরিচালক,....., বিনা, ময়মনসিংহ।
- ৪। কর্মসূচী পরিচালক,....., বিনা, ময়মনসিংহ।
- ✓ ৫। শাখা প্রধান, ইলেকট্রনিক্স শাখা, বিনা, ময়মনসিংহ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। উপ-পরিচালক (প্রশাসন), বিনা, ময়মনসিংহ।
- ৭। উপ-পরিচালক (অর্থ), বিনা, ময়মনসিংহ।
- ৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
- ৯। পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১০। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১১। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১২। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন বিনা'র প্রকল্প/কর্মসূচিসমূহের উপর গত ১২৮-১১-২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর, ২০১৮ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৮-১১-২০১৮ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, বিনা, ময়মনসিংহ
সভাপতি : ড. বীরেশ কুমার গোস্বামী
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শাখা প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন কোষ এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

২। আলোচনাঃ

আলোচ্য বিষয়-২.১: রাজস্ব অনুন্নয়ন বাজেটের অক্টোবর, ২০১৮ পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।

বিনা কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের অনুকূলে ৪১.৮৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১.৬৩ কোটি টাকা। অক্টোবর ২০১৮ পর্যন্ত ব্যয় ১২.৮৯ কোটি টাকা, যা ছাড়কৃত অর্থের ৫৯.৫৯% এবং বরাদ্দকৃত অর্থের ৩০.৭৯%।

আলোচ্য বিষয়-২.২: বিনা কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্প “পরমাণু কৃষি গবেষণার মাধ্যমে জলবায়ু পরিবর্তন সহনশীল জাত/প্রযুক্তি উদ্ভাবন ও বিভিন্ন পরিবেশ অঞ্চলে অভিযোজন-২য় পর্যায়” প্রকল্পের অনুকূলে ১০০.০০ লক্ষ টাকা (রাজস্ব-৯৫.০০ লক্ষ এবং মূলধন ৫.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। ২য় কিস্তিসহ মোট ছাড়কৃত অর্থ ১০০.০০ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৮ পর্যন্ত ব্যয় ৬২.১৫ লক্ষ টাকা, যা ছাড়কৃত অর্থের ৬২.১৫%।

আলোচ্য বিষয়-২.৩: রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচির অক্টোবর, ২০১৮ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.৩.১ “পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে কৃষিতান্ত্রিক ব্যবস্থাপনার মাধ্যমে ডাল, তেলবীজ এবং দানা জাতীয় ফসলের উচ্চ ফলনশীল এবং প্রতিকূলতা সহনশীল জাত উদ্ভাবন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ৬৭.০০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৬.৭৫ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৮ মাস পর্যন্ত ব্যয় ৯.৩১ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ১৩.৯% এবং ছাড়কৃত অর্থের ৫৫.৫২%।

২.৩.২ “পরিবর্তিত আবহাওয়া উপযোগী বিভিন্ন ফসল ও ফলের জাত উন্নয়ন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ২২২.৫০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৫.৬৩ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৮ মাস পর্যন্ত ব্যয় ৪৩.০০ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ১৯.৩৩% এবং ছাড়কৃত অর্থের ৭৭.৩০%।


২.৩.৩ “হাওর, চর, দক্ষিণাঞ্চল ও বরেন্দ্র এলাকার উপযোগী ফসলের জাত ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং অভিযোজন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ২০৫.০০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১.২৫ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৮ মাস পর্যন্ত ব্যয় ৪৯.৪১ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ২৪.১০% এবং ছাড়কৃত অর্থের ৯৬.৪১%।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	সিআরজি/এনএটিপি/পিবিআরজি প্রকল্পের আর্থিক ও গবেষণার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১০-০১-২০১৯ খ্রি. তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.২	ইনোভেশন সংক্রান্ত সকল প্রকল্পের আর্থিক ও গবেষণার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১০-০১-২০১৯ খ্রি. তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রধান গবেষক

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.৩	বিনা'য় গঠিত রাইটার্স পুল প্রতিমাসে ২টি তথ্য সমৃদ্ধ অনুসন্ধিৎসু লেখা নিয়মিতভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)-এর নিকট জমা দিবেন।	পরিচালক (প্রশিঃ ও পরিঃ)
৩.৪	পিবিআরজি, এনএটিপি, সিআরজি প্রকল্পের পরিচালকগণ তাঁদের প্রকল্পের শিরোনাম, লক্ষ্যমাত্রা, বরাদ্দ ও ব্যয়ের প্রতিবেদন আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.৫	পরিচালক (গবেষণা) মহোদয় আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রকল্প/কর্মসূচির পরিচালকগণের সাথে মহাপরিচালক মহোদয়ের চুক্তি স্বাক্ষরের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।	পরিচালক (গবেষণা)
৩.৬	মাগুরা উপকেন্দ্রের অফিস বিল্ডিং রং করা এবং কভার্ড স্ট্রেসিং ফ্লোরের মেরামতের প্রাক্কলন আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।	নির্বাহী প্রকৌশলী
৩.৭	মাসকলাই ও ফেলনের নতুন জাত উদ্ভাবনের উদ্যোগ ও সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (গবেষণা)
৩.৮	বিনা চীনাবাদামের বীজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় টাকা রাজস্ব বাজেট থেকে সরবরাহ করতে হবে।	উপ-পরিচালক (অর্থ)
৩.৯	অভ্যন্তরীণ অডিট কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত কমিটির মাধ্যমে উপকেন্দ্রের খরচের অডিট সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (ড. বীরেশ কুমার গোস্বামী)
 মহাপরিচালক (চলতি দায়িত্ব)